

আত-তুর | At-Tur | الطُّور

আয়াতঃ ৫২ : ১৫

আরবি মূল আয়াত:

أَفَسِحْرٌ هَذَا أَمْ أَنْتُمْ لَا تُبْصِرُونَ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

‘এটি কি যাদু, নাকি তোমরা দেখতে পাচ্ছ না!’ — আল-বায়ান

এটা কি যাদু, নাকি তোমরা দেখতে পাচ্ছ না? — তাইসিরুল

এটা কি যাদু? না কি তোমরা দেখছনা? — মুজিবুর রহমান

Then is this magic, or do you not see? — Sahih International

১৫. এটা কি তবে জাদু? না কি তোমরা দেখতে পাচ্ছ না।(১)

(১) অর্থাৎ দুনিয়াতে রাসূল যখন তোমাদেরকে এ জাহান্নামের আযাব সম্পর্কে সাবধান করতেন তখন তোমরা তো বিশ্বাস করতে না, এখন বলো তোমাদের সামনে বিদ্যমান এ জাহান্নাম কি সেই জাদুর খেলা, নাকি এখনো বুঝে উঠতে পারনি, যে জাহান্নামের খবর তোমাদের দেয়া হতো তোমরা সে জাহান্নামের মুখোমুখি হয়েছে? [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৫) এটা কি যাদু? [১] নাকি তোমরা চোখে দেখছ না? [২]

[১] যেভাবে, তোমরা দুনিয়াতে নবী ও রসূলদেরকে যাদুকর বলতে। এখন বল, এটাও কি কোন যাদুর কারসাজি?

[২] নাকি পৃথিবীতে যেমন তোমরা সত্যদর্শনে অন্ধ ছিলে, তেমনি এই শাস্তিও তোমরা দেখতে পাও না? এটা কেবল তাদেরকে ভৎসনা ও ধমক স্বরূপ বলা হবে। অন্যথা প্রতিটি জিনিস তাদের চোখের সামনে এসে যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4750>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন